# সাওম বিষয়ক আধুনিক কিছু মাসআলা

বিভাগ/অধ্যায়ঃ পেরিটোনিয়াল ডায়ালাইসিস (Peritoneal Dialysis) কি সাওমে কোনো প্রভাব ফেলবে?

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

পেরিটোনিয়াল ডায়ালাইসিস (Peritoneal Dialysis) কি সাওমে কোনো প্রভাব ফেলবে?

বিবরণ: মানব দেহের অন্যতম প্রধান কাজটি করে থাকে কিডনী। বিষ, অন্যান্য তরল পদার্থ এবং অতিরিক্ত লবণ থেকে শরীরের রক্ত পরিশোধনের কাজটি সে করে থাকে। কিডনীর ক্রিয়া অকেজো হয়ে গেলে যদি উপযুক্ত ব্যবস্থা নিয়ে কিডনী ধোয়ার ব্যবস্থা না করা হয়, তাহলে তা অত্যন্ত মারাত্মক এবং জীবনের জন্য ঝুঁকি হয়ে দাঁড়ায়। ডায়ালাইসিস-এর প্রকারের মধ্যে সম্প্রতি আবিষ্কৃত পেরিটোনিয়াল ডায়ালাইসিস অন্যতম। এক্ষণে, সাওমে এর কোনো প্রভাব আছে কি?

হুকুম: দুইভাবে কিডনী ডায়ালাইসিস করা হয়:

১. হেমো-ডায়ালাইসিস: এর আলোচনা গত হয়ে গেছে।

২. পেরিটোনিয়াল ডায়ালাইসিস: এই পদ্ধতিতে সাধারণতঃ দুই লিটার পরিমাণ গ্লুকোজ/ডেক্সট্রোজ একটি নলের সাহায্যে নাভীর উপরের অংশে পেটের পেরিটোনিয়াল ক্যাভিটিতে (Peritoneal Cavity) প্রবেশ করানো হয় এবং ক্ষণিক পরে তা আবার বের করে নেওয়া হয়। এক দিনে কয়েক বার এ রকম করতে হয়। ফলে পেরিটোনিয়ামের মাধ্যমে রক্তে বিদ্যমান আয়ন, সোডিয়াম ক্লোরাইড, কার্বোহাইড্রেট-এর মধ্যে সমন্বয় সাধিত হয়। চিকিৎসা বিজ্ঞান প্রমাণ করেছে যে, পেরিটোনিয়াল ক্যাভিটির মাধ্যমে গ্লুকোজ সাওম পালনকারীর রক্তে পৌঁছে যায়।

সাওমের বিশুদ্ধতায় এর প্রভাব আছে কিনা সে বিষয়ে ঠিক আগের মাসআলার মতো দুই ধরণের মত পাওয়া যায়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9822

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন